

ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড জিতল জিয়ন বিডি



সিএমও এশিয়া অনুমোদিত ওয়ার্ল্ড ফেডারেশন অব মার্কেটিং প্রফেশনালসের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার ‘ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড’ অর্জন করল ওয়েব হোস্টিং ও তথ্যপ্রযুক্তি সেবা দাতা প্রতিষ্ঠান জিওন বিডি। সম্প্রতি রাজধানীর স্থানীয় একটি হোটেলে আয়োজিত ‘দ্যা বাংলাদেশ বেস্ট মাস্টার ব্র্যান্ড অ্যাওয়ার্ড ২০১৮’ অনুষ্ঠানে জিয়ন বিডিকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

জিয়ন বিডির প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কাজী এস এম নাজমুস সাকিব অনুষ্ঠানে উপস্থিত থেকে অ্যাওয়ার্ডটি গ্রহণ করেন। অ্যাওয়ার্ড প্রাপ্তি সম্পর্কে তিনি বলেন, ‘দীর্ঘ ১৩ বছরের বেশি সময় ধরে জিওন বিডির প্রত্যেকের কঠিন পরিশ্রমের অর্জন এই পুরস্কার। পুরস্কার সবসময় আরো ভালো কাজের অনুপ্রেরণা দেয়। আমি বিশ্বাস করি এই স্বীকৃতি ভবিষ্যতে জিওন বিডিকে দেশের তথ্যপ্রযুক্তি খাতে আরো অবদান রাখতে সাহায্য করবে।’ সংবাদ বিজ্ঞপ্তি।